

# বাণিজ্য সংগঠন (সংশোধন) আইন, ২০২৩

( ২০২৩ সনের ৪২ নং আইন )

[ ২১ সেপ্টেম্বর, ২০২৩ ]

## বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ০৯ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত  
শিরোনাম ও  
প্রবর্তন

- ১। (১) এই আইন বাণিজ্য সংগঠন (সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।  
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২০২২ সনের  
০৯ নং আইনের  
ধারা ৯ এর  
সংশোধন

- ২। বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ০৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৯ এর উপধারা (২) এ উল্লিখিত “আবেদন বা অভিযোগের প্রেক্ষিতে” শব্দগুলির পর “বা স্বীয় বিবেচনায়” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

২০২২ সনের  
০৯ নং আইনের  
ধারা ১০ এর  
সংশোধন

- ৩। উক্ত আইনের ধারা ১০ এর উপধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-  
“(২) শিল্পকলা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, ধর্ম, জনসেবা, ক্রীড়া, পেশাভিত্তিক বা সরকারি গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষিত কোনো জনহিতকর উদ্দেশ্য অর্জনের জন্য গঠিত কোম্পানি, সমিতি বা সংঘের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্য হইবে না।”।

২০২২ সনের  
০৯ নং আইনের  
ধারা ১৪ এর  
সংশোধন

- ৪। উক্ত আইনের ধারা ১৪ এর শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-  
“তবে শর্ত থাকে যে, সরকার প্রয়োজন মনে করিলে বিশেষ বিবেচনায় নির্বাচন অনুষ্ঠানের জন্য বর্ধিত সময়ের ধারাবাহিকতায় আরও ০৬ (ছয়) মাস সময় মঞ্জুর করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, সরকার কর্তৃক মঞ্জুরকৃত বর্ধিত ০৬ (ছয়) মাস সময়ের মধ্যে কোনো বাণিজ্য সংগঠন নির্বাচন অনুষ্ঠান করিতে ব্যর্থ হইলে উক্ত বাণিজ্য সংগঠনের নির্বাচন অনুষ্ঠান ও দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য সরকার প্রশাসক নিয়োগ করিতে পারিবে।”।

২০২২ সনের  
০৯ নং আইনের  
ধারা ১৫ এর  
সংশোধন

৫। উক্ত আইনের ধারা ১৫ এর উপধারা (১) এ উল্লিখিত “অন্যন অতিরিক্ত সচিব” শব্দগুলির পরিবর্তে “অন্যন যুগ্মসচিব” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২০২২ সনের  
০৯ নং আইনের  
ধারা ১৯ এর  
সংশোধন

৬। উক্ত আইনের ধারা ১৯ এর উপধারা (১) উল্লিখিত “ফেডারেশনের প্রতিনিধিগণের” শব্দগুলির পর “এবং বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার উপযুক্ত কর্মকর্তাগণের” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

---

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division

Ministry of Law, Justice and Parliamentary Affairs